

# ভোরের দর্পণ

The Daily Bhorer Darpan

## বগুড়ায় একদিনের তথ্য প্রযুক্তি মেলা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার, বগুড়া •

বগুড়ায় উত্তরবঙ্গ তথ্য প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকালে বগুড়া কনভেনশন সেন্টারে মেলার উদ্বোধন করেন বগুড়ার অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুস সামাদ।

আলফা ডট নেট এর আয়োজনে দিনব্যাপী মেলায় ঢাকাসহ বিভিন্ন জেলার প্রায় ১৮ টি প্রতিষ্ঠান স্টল দিয়ে অংশগ্রহণ করেন। মেলায় দর্শকদের জন্য বিশেষ কর্মশালার আয়োজন করা হয়। আইটি উদ্যোক্তা বিষয়ে কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন আলফা ডট নেট এর আবু সুফিয়ান হায়দার, আধুনিক ওয়ে ডিজাইন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন সিসি কনফারেন্সের উদ্যোক্তা মোঃ ইসরাফিল এবং আউট সোর্সিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন ফেভজেন এর কো-ফাউন্ডার আব্দুর রহিম।

প্রযুক্তি মেলার আয়োজক আলফা নেট এর সিইও মোঃ একরামুল হায়দার বলেন, তথ্য প্রযুক্তিতে পিছিয়ে পড়া উত্তরবঙ্গের উদ্যোক্তা ও প্রযুক্তিকে ছড়িয়ে দিতে বগুড়ায় এ মেলার আয়োজন করা হয়েছে। তাছাড়া ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বগুড়াসহ উত্তরবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয়ে মেলার আয়োজন করা হয়েছে। তবে মেলার সময় স্বল্পতার কথা স্বীকার করে তিনি বলেন, অংশগ্রহণকারীদের সময় কম দেওয়ার কারণে একদিনের মেলার আয়োজন করা হয়েছে। তবে আগামীতে বৃহৎ পরিসরে এ মেলার আয়োজন করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।